

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ২৬, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১১ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/২৬ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

নম্বর-০৮.০০.০০০০.৮২১.৮৪.০৮৩.১৬.২৫২—সম্প্রতি যুক্তরাজ্যের বিরোধী দল লেবার পার্টির নেতা জেরেমি করবিন তাঁর ছায়া-মন্ত্রিসভায় বাংলাদেশি বংশোদ্ধৃত মিজ রূপা হক এমপি-কে শ্যাড়ো মিনিস্টার ফর হোম অ্যাফেয়ার্স উইথ রেসপন্সিবিলিটি ফর ক্রাইম প্রিভেনশন পদে নিযুক্ত করেন।

২। মিজ রূপা হকের যুক্তরাজ্যের লেবার পার্টির শ্যাড়ো মিনিস্টার ফর হোম অ্যাফেয়ার্স উইথ রেসপন্সিবিলিটি ফর ক্রাইম প্রিভেনশন পদে নিযুক্তি বাংলাদেশের জন্য নিঃসন্দেহে গৌরবের বিষয়। এ বিজয় আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সম্মানজনক অবস্থানকে আরও সুসংহত করেছে। এই অর্জনের মাধ্যমে বিশে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মিজ রূপা হককে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৯ কার্তিক ১৪২৩/২৪ অক্টোবর ২০১৬ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(১৫৪৮৩)
মূল্য : টাকা ৮.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

০৯ কার্তিক ১৪২৩
ঢাকা: ২৪ অক্টোবর ২০১৬

সম্প্রতি যুক্তরাজ্যের বিরোধী দল লেবার পার্টির নেতা জেরেমি করবিন তাঁর ছায়া-মন্ত্রিসভায় বাংলাদেশি বৎশোষ্টুত মিজ রূপা হক এমপি-কে শ্যাডো মিনিস্টার ফর হোম অ্যাফেয়ার্স উইথ রেসপন্সিবিলিটি ফর ক্রাইম প্রিভেনশন পদে নিযুক্ত করেন।

উল্লেখ্য, গত ৭ মে ২০১৫ তারিখে অনুষ্ঠিত যুক্তরাজ্যের সাধারণ নির্বাচনে লেবার পার্টি মনোনীত মিজ রূপা হক লন্ডনের ইলিং সেন্ট্রাল অ্যান্ড অ্যাকটন নির্বাচনী এলাকা থেকে বিজয়ী হয়ে ব্রিটিশ পার্লামেন্টে এমপি নির্বাচিত হন।

এই পর্যায়ে মিজ রূপা হকের যুক্তরাজ্যের লেবার পার্টির শ্যাডো মিনিস্টার ফর হোম অ্যাফেয়ার্স উইথ রেসপন্সিবিলিটি ফর ক্রাইম প্রিভেনশন পদে নিযুক্তি বাংলাদেশের জন্য নিঃসন্দেহে গৌরবের বিষয়। এ বিজয় আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সম্মানজনক অবস্থানকে আরও সুসংহত করেছে। এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা মিজ রূপা হককে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমলগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd